যুগান্তর

তারিখ ... 11 MAY 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

# এমেরিটাস অধ্যাপক হিসেবে ঢাবিতে যোগ দিলেন এ কে আজাদ চৌধুরী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সদ্যবিদায়ী চেয়ারম্যান ড. এ কে আজাদ চৌধুরী এমেরিটাস অধ্যাপক হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ফার্মেসি অনুষদে যোগ দিয়েছেন। রোববার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর প্রেরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। যোগদানের পর তিনি ঢাবি ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। ড. এ কে আজাদ চৌধুরী ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লিনিক্যাল ফার্মেসি ও ফার্মাকোলজি বিভাগে দীর্ঘদিন অধ্যাপনা করেন। ইতিপূর্বে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি এবং ভারতের নয়াদিল্লির সাউথ এশিয়ান ইউনিভার্সিটির বোর্ড অব গভর্ন্যান্সের চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেন। বর্ণাঢ্য কর্মময় জীবনে তিনি হার্ভার্ড ইউনিভার্সিটির ড্রাগ পলিসি কমিটির সদস্য, প্যারিসের ক্যানাম ইউনিভার্সিটির ন্যাশনাল প্রফেসর এবং যুক্তরাজ্যের ব্রাউসাইগ ইউনিভার্সিটি ও নটিংহাম ইউনিভার্সিটির ভিজিটিং প্রফেসর হিসেবে কাজ করেন।